গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
লংগদু, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
www.dss.langadu.rangamati.gov.bd

স্মারক নং-৪১.০১.৮৪৫৮.০০০.১৬.০৬৬(ক).১৪-৩৩০ তারিখঃ- ০৪ আশ্বিন ১৪৩০ / ১৯ সেপ্টেম্ব ২০২৩খ্রিঃ

বিষয়ঃ- ২০২৩-২৪ অর্থ বছরের ১ম কিস্তির নির্ভুল পে-রোল প্রেরণ করার লক্ষ্যে প্রতিস্থাপন সয়ক্রান্ত তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্র নং- ৪১.০১.০০০০.০৪৯.২৭.০২৮.২১.৬৮৯ তারিখ ১২ সেপ্টেম্বর ২০২৩খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে , সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় সকল ভাতা ও উপবৃত্তির অর্থ উপকারভোগীদের মাঝে MFS এর মাধ্যমে G2P পদ্ধতিতে পরিশোধ করা হচ্ছে । অত্র কার্যালয়ের, আওতাধীন উপকারভোগীদের ২০২৩-২৪ অর্থবছরের ১ম কিস্তির পে-রোল প্রেরণের পূর্বেই ভাতাভোগীর হিসাব নম্বরের সঠিকতা যাচাই ও ভুল তথ্য সংশোধন করা অত্যাবশ্যক । এছাড়াও লাইভ ভেরিফিকেশনে যে সকল ভাতাভোগী মৃত্যুবরণ/নিরুদ্দেশকৃত থাকলে বা অন্য কোন কারণে প্রতিস্থাপন প্রয়োজন হলে তা সম্পন্ন করে MIS ডাটাবেজ হালনাগাদ করা প্রয়োজন । এমতাবস্থায় ২৫ সেপ্টেম্বর ২০২৩খ্রি. এর মধ্যে প্রতিস্থাপন সংক্রান্ত তথ্য যদি থাকে অত্র কার্যালয়ে দায়িত্ব প্রাপ্ত ইউনিয়ন সমাজকর্মীর মাধ্যম ইউনিয়ন কমিটির সভার কার্যাবিবরণী ও তালিকা প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি ।

সংযুক্তঃ- ০২ পাতা

শর্তাবলী:-

১. বয়স্ক ভাতার আবেদনের ক্ষেত্রে কমপক্ষে পুরুষ ৬৫ এবং মহিলা ৬২ বছরের উর্ধ্বে বয়স হতে হবে।

২. বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা আবেদনের ক্ষেত্রে কমপক্ষে ১৮ বছরের উর্ধ্বে বয়স এবং প্রমানক হিসেবে স্বামীর অনলাইন মৃত্য সনদ ও ডিভোর্স কপি স্থানীয় চেয়ারম্যান বা ওয়ার্ড কমিশনার কর্তৃক সত্যায়িত । আবেদন যাচাই-বাছাই করার সময় বয়স বেশী বয়স্ক, বিধবা মহিলা আবেদনকারীদের অগ্রাধিকার দেওয়া হবে।

৩। প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষেত্রে প্রতিবন্ধী সুবর্ণ নাগরিক পরিচয় পত্রধরী অসহায়, গরিব দুঃস্থ ব্যক্তিদের অগ্রাধিকার দেওয়া হবে।

স্বাঃ-
জয়াস চাকমা
উপজেলা সমাজসেবা অফিসার (অ:দা:)
লংগদু, রাঙ্গামাটি পার্বত্য জেলা
usso.langadu@dss.gov.bd
মোবাইল নং-০১৫৫৬৫৯২৫৬৯
তারিখ:- ১৯/০৯/২০২৩খ্রিঃ

স্মারক নং-৪১.০১.৮৪৫৮.০০০.১৬.০৬৬-ক.১৪.৩৩০

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ

১। উপ-পরিচালক জেলা সমাজসেবা কার্যালয় রাঙ্গামাটি পার্বত্য জেলা।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ও সভাপতি ভাতা বাস্তবায়ন কমিটি, লংগদু, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৩। উপজেলা নির্বাহী অফিসার, ও সহসভাপতি ভাতা বাস্তবায়ন কমিটি, লংগদু, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৪। চেয়ারম্যান , ---------------------------------------- ও ইউনিয়ন ভাতা বাস্তবায়ন কমিটি, লংগদু, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৫। জনাব, --------------------------------ফিল্ড সুপারভাইজার/ ইউনিয়ন সমাকর্মী/কারিগরী প্রশিক্ষক অত্র কার্যলয়,
৬। অফিস নথি।

উপজেলা সমাজ সেবা অফিসার (অ:দা:)
লংগদু, রাঙ্গামাটি পার্বত্য জেলা

| ক্রম নং | ইউনিয়নের নাম | উপকারভোগী সংখ্যা | | | প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি | অনগ্রসর বিশেষ ভাতা | অনগ্রসর শিক্ষা | হিজড়া বিশেষ ভাতা | মোট | অনুপস্থিতির সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বয়স্ক | বিধবা | প্রতিবন্ধী | | | | | | |
| ১ | আটারকছড়া | ৬৬০ | ৩৯৬ | ১৯২ | ০ | ২ | ০ | ০১ | ১২৫১ জন | ২৫৮ |
| ২ | কালাপাকুজ্জ্যা | ৩৬৪ | ৩৬৯ | ১৩৫ | ০ | ০ | ০ | ০ | ৮৬৮ জন | ১৬০ |
| ৩ | গুলশাখালী | ৪৬২ | ৩৬৫ | ২৩৯ | ০ | ১ | ০ | ০ | ১০৬৭ জন | ১৫৩ |
| ৪ | বগাচতর | ৫৮১ | ৪৬৭ | ২১০ | ০১ | ১২ | ৬ | ০ | ১২৭৭ জন | ১৭২ |
| ৫ | ভাসান্যাদম | ২৮৬ | ৩৩২ | ১৪০ | ০৬ | ২ | ১ | ০ | ৭৬৭ জন | ১৭৩ |
| ৬ | মাইনীমূখ | ৭০৬ | ৫৩০ | ২২০ | ১২ | ১২ | ৭ | ০ | ১৪৮৭ জন | ১১৪ |
| ৭ | লংগদু | ৭৮৯ | ৪৩৩ | ২৫৮ | ০৬ | ২২ | ১ | ০ | ১৫০৯ জন | ২৫৩ |
| | ইউনিট ০৭টি | ৩৮৪৮ | ২৮৯২ | ১৩৯৪ | ২৫ | ৫১ | ১৫ | ০১ | ৮২২৬ জন | ১২৮৩ |



জয়াস চাকমা
উপজেলা সমাজসেবা অফিসার (অ:দা:)
লংগদু, রাঙ্গামাটি পার্বত্য জেলা
usso.langadu@dss.gov.bd
মোবাইল নং-০১৫৫৬৫৯২৫৬৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সামাজিক নিরাপত্তা অধিশাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

শেখ হাসিনার মমতা
বয়স্কদের জন্য নিয়মিত ভাতা

নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.২৭.০২৮.২১. ৬৮৭

তারিখ: ২৮ ভাদ্র ১৪৩০ / ১২ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: **২০২৩-২৪ অর্থবছরের প্রথম কিস্তির নির্ভুল পে-রোল প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ তথা ভিশন ২০৪১ বাস্তবায়নের অংশ হিসেবে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহের উপকারভোগীর মোবাইল ওয়ালেট ও একাউন্টে MFS এবং এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে G2P পদ্ধতিতে ভাতার অর্থ প্রেরণ করা হচ্ছে। সঠিক উপকারভোগীদের নিকট ভাতার অর্থ নির্ভুলভাবে প্রেরণ এবং তালিকা হালনাগাদ করার নিমিত্তে ইতোমধ্যে সারাদেশে উপকারভোগীদের লাইফ ভেরিফিকেশন সমাপ্তির দ্বারপ্রান্তে। ২০২৩-২৪ অর্থবছরে উপকারভোগীদের অনুকূলে ১ম কিস্তির অর্থ প্রেরণের নিমিত্ত সংশ্লিষ্ট উপজেলা/শহর সমাজসেবা অফিসার কর্তৃক নির্ভুল পে-রোল প্রেরণ আবশ্যক।

২। তাঁর আওতাধীন বিভিন্ন উপজেলা/ শহর সমাজসেবা কার্যালয় থেকে ১ম কিস্তির পে-রোল প্রেরণের পূর্বেই ভাতাভোগীর মোবাইল নম্বর ও তথ্য সংশোধন করা অত্যাবশ্যক। তাছাড়া লাইফ ভেরিফিকেশনে যে সকল উপকারভোগীর মৃত্যুর তথ্য পাওয়া গিয়েছে, নীতিমালা মোতাবেক তাদের প্রতিস্থাপন আবশ্যক। উল্লেখ্য যে, যারা মৃত্যুবরণ করেছেন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে তাদের মৃত্যুর সঠিক তথ্য স্ব স্ব দপ্তরে সংরক্ষণ করতে হবে।

৩। ২০২৩-২৪ অর্থবছরের ১ম কিস্তিতে পে-রোলে প্রাপ্ত উপকারভোগীর তথ্য পরবর্তী কিস্তিসমূহে মাস্টার ডাটা হিসেবে ব্যবহার করে নির্ধারিত সময়ে অধিদপ্তরের এডমিন প্যানেল হতে iBAS++ এ প্রেরণ করা হবে। সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার পরবর্তী কিস্তিসমূহে শুধুমাত্র প্রতিস্থাপিত এবং নতুন উপকারভোগীর পে-রোল প্রেরণ করবেন।

৪। বর্ণিতাবস্থায়, তাঁর আওতাধীন উপজেলা/ শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক আগামী ২১ - ৩০ সেপ্টেম্বর ২০২৩ এর মধ্যে ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম কিস্তির নির্ভুল পে-রোল (কেবলমাত্র যাচাইকৃত) প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

১২/০৯/২০২৩
(ড. মো: মোকতার হোসেন)
পরিচালক (যুগ্ম সচিব)
সামাজিক নিরাপত্তা
ফোন: ৪৪৮২৬৮০১

পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
......................................

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, .................................. (সকল)।
৬. সমাজসেবা অফিসার, উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়, ................................ (সকল)।

CamScanner